

নম্বর ৩৭.০১.০০০০.০৭৫.৪৩.০০১.২০.১৯৩

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৭


২৮ সেপ্টেম্বর ২০২০

### বিজ্ঞপ্তি

বিষয়: ইউজিসি স্বর্ণপদক ২০১৯ এর জন্য আবেদন আহ্বান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রবর্তিত ইউজিসি স্বর্ণপদক ২০১৯-এর জন্য নিম্নবর্ণিত শর্তে কমিশনের নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে:

- ১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন;
- ২) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে;
- ৩) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০১৯ সালে প্রকাশিত হতে হবে, কোনো পুনঃমুদ্রণ গ্রহণযোগ্য হবে না;
- ৪) বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনা কর্ম এবং রিভিউ আর্টিকেল স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না;
- ৫) প্রবন্ধ যদি যৌথ প্রকাশনা হয় সেক্ষেত্রে কেবলমাত্র প্রধান লেখক অন্যান্য সহলেখকদের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন;
- ৬) পুস্তকের ক্ষেত্রে একাধিক লেখক হলে যৌথভাবে আবেদন করতে হবে;
- ৭) বাংলা ও ইংরেজিতে অনধিক ২০০ শব্দের মধ্যে জীবনবৃত্তান্ত জমা দিতে হবে;
- ৮) প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি জমা দিতে হবে;
- ৯) বাংলা ও ইংরেজিতে অনধিক ২০০ শব্দের মধ্যে Abstract (সারাংশ) জমা দিতে হবে;
- ১০) প্রবন্ধের Soft কপি [director\\_reseach@ugc.gov.bd](mailto:director_reseach@ugc.gov.bd)-এ অবশ্যই জমা দিতে হবে;
- ১১) সকল আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৫ নভেম্বর ২০২০ সাল-এর মধ্যে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে;
- ১২) নীতিমালা, সম্মতিপত্রের নমুনা ও আবেদনপত্রের ছক ইউজিসির ওয়েব সাইট ([www.ugc.gov.bd](http://www.ugc.gov.bd)-এর সম্মাননা সেবাবক্সে 'ইউজিসি স্বর্ণপদক')-এ দেওয়া আছে।



২৮-৯-২০২০

মোঃ ওমর ফারুক

পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস  
বিভাগ) (চলতি দায়িত্ব)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)
- ২) রেজিস্ট্রার (সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়)
- ৩) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৪) সহকারী সচিব, সকল সদস্য মহোদয়ের দপ্তর
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৬) ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক মহোদয়গণের দপ্তর